



## বিবিধ বিষয়াবলী

- ১। কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিকের শারীরিক অসুস্থতা/মৃত্যু জনিত কারণে শুধুমাত্র তার বৈধ উত্তরাধিকারের নামে মালিকানা হস্তান্তর করা যাবে। যাকে মালিকানা হস্তান্তর করা হবে, তার নামে সমুদয় কাগজপত্র হালনাগাদ করতঃ কোর্ট কর্তৃক প্রদত্ত সাকসেশন সনদসহ (**Succession Certificate**) অনুচ্ছেদ-১১ মোতাবেক নথিপত্র প্রেরণ করতে হবে। পাওয়ার অব এ্যাটর্নীর মাধ্যমে কোন প্রতিষ্ঠানের মালিকানা হস্তান্তর/পরিবর্তন করা হলে তা কোন অবস্থাতেই অত্র মহাপরিদপ্তর কর্তৃক গৃহীত হবে না।
- ২। কোন সরবরাহকারী প্রতিষ্ঠান একক মালিনাধীন কোম্পানী হতে যৌথ মালিনাধীন কোম্পানী অথবা লিমিটেড কোম্পানী এবং কোম্পানীর নাম পরিবর্তন করতে হলে অনুচ্ছেদ-১১ এ উল্লিখিত সংশ্লিষ্ট সকল নথিপত্রাদি সংশোধন করতঃ আবেদন দাখিল করতে হবে। এক্ষেত্রে উপরোক্ত পরিবর্তন/সংশোধনের অনুকূলে ডিজিএফআই হতে নিরাপত্তা ছাড়পত্র না পাওয়া পর্যন্ত সিডিউল ক্রয় কার্যক্রম স্থগিত থাকবে।
- ৩। কোন প্রতিষ্ঠান যে নামে বা ঠিকানায় তালিকাভুক্ত হবে শুধুমাত্র সে নাম বা ঠিকানা ব্যবহার করে অত্র প্রতিষ্ঠানের যে কোন ক্রয় কার্যক্রমে অংশ গ্রহন করতে পারবে। ভিন্ন নাম/ঠিকানা ব্যবহার করে উক্ত প্রতিষ্ঠান ডিজিডিপি'র কোন ক্রয় কার্যক্রমে অংশগ্রহন করতে পারবে না। অপরিহার্য কারণে কোন সরবরাহকারী প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তনের প্রয়োজন হলে ট্রেড লাইসেন্সে ঠিকানা পরিবর্তন করতঃ তা অত্র মহাপরিদপ্তরকে জানাতে হবে। শুধুমাত্র অত্র মহাপরিদপ্তরের লিখিত অনুমতি সাপেক্ষে কোন প্রতিষ্ঠান পরিবর্তিত ঠিকানায় কার্যক্রম পরিচালনা করতে পারবে।
- ৪। ডিজিডিপিতে তালিকাভুক্তি ব্যতীত কোন সরবরাহকারী প্রতিষ্ঠান দরপত্র ক্রয় করতে পারবে না। তাছাড়া কোন দেশীয়/বৈদেশিক প্রিন্সিপাল কোম্পানী ডিজিডিপিতে তালিকাভুক্ত স্থানীয় সরবরাহকারীর মাধ্যম ব্যতীত সরাসরি দরপ্রস্তাবে অংশগ্রহন করতে পারবে না।
- ৫। কোন বিশেষ কারণে যে কোন সময় ডিজিডিপি কর্তৃপক্ষ তালিকাভুক্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

মোস্তাকিম আহমেদ অনি  
মেজর  
ভারপ্রাপ্ত উপপরিচালক (রেজিঃ)  
প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর